

ফাগুন হাওয়ায় হাওয়ায় Lyrics:-

ফাগুন হাওয়ায় হাওয়ায় করেছি যে দান
তোমার হাওয়ায় হাওয়ায় করেছি যে দান,
আমার আপনহারা প্রাণ,
আমার বাঁধন ছেঁড়া প্রাণ
আমার আপনহারা প্রাণ,
আমার বাঁধন ছেঁড়া প্রাণ
ফাগুন হাওয়ায় হাওয়ায় করেছি যে দান
তোমার হাওয়ায় হাওয়ায় করেছি যে দান।

তোমার অশোকে কিংশুকে,
তোমার অশোকে কিংশুকে
অলক্ষ্য রঙ লাগল আমার অকারণের সুখে।
তোমার অশোকে কিংশুকে,
তোমার অশোকে কিংশুকে
অলক্ষ্য রঙ লাগল আমার অকারণের সুখে।

তোমার ঝাউয়ের দোলে. .
মর্মরিয়া ওঠে আমার দুঃখরাতের গান,
ফাগুন হাওয়ায় হাওয়ায় করেছি যে দান,
তোমার হাওয়ায় হাওয়ায় করেছি যে দান।

পূর্ণিমা সন্ধ্যায়, তোমার রজনীগন্ধায়
রূপসাগরের পাড়ের পানে উদাসী মন ধায়।
পূর্ণিমা সন্ধ্যায়, তোমার রজনীগন্ধায়
রূপসাগরের পাড়ের পানে উদাসী মন ধায়।
তোমার প্রজাপতির পাখা,
আমার আকাশ চাওয়া মুগ্ধ চোখের
রঙিন স্বপন মাখা (x2)

তোমার চাঁদের আলোয়. .
মিলায় আমার দুঃখ-সুখের সকল অবসান।
ফাগুন হাওয়ায় হাওয়ায় করেছি যে দান
তোমার হাওয়ায় হাওয়ায় করেছি যে দান

আমার আপনহারা প্রাণ,
আমার বাঁধন ছেঁড়া প্রাণ
আমার আপনহারা প্রাণ,
আমার বাঁধন ছেঁড়া প্রাণ
ফাগুন হাওয়ায় হাওয়ায় করেছি যে দান।
তোমার হাওয়ায় হাওয়ায় করেছি যে দান